

পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনরা,

আমাদের পরবর্তী অধ্যয়ন সমীকরণ সমাধান সম্বন্ধে। এখানে আমরা আগের অধ্যায়ে সমীকরণ সমাধানের যে দুটি পদ্ধতি শিখেছি, অর্থাৎ যথাক্রমে : গেস-চেক-অ্যান্ড-ইমপ্রুভ ও ব্যাকট্র্যাকিং (পেছন থেকে যুক্তি দিয়ে বিচার) তা আবার ভাল করে দেখব। এরপর আমরা আরো একটি ভাল পদ্ধতি ব্যবহার করতে শিখব : একই জিনিস সমীকরণের দু দিকে ব্যবহার করা, হয়ত আপনারা এই পদ্ধতি ভাল করেই জানেন। নিচে আমরা যে ধরনের অঙ্কিক সমস্যা নিয়ে কাজ করব তার উদাহরণ দেওয়া হল।

সমস্যাঃ মেডলিন এবং নীল বাস্কেটবল খেলোয়াড়দের অটোগ্রাফ সংগ্রহ করে। নীলের চেয়ে মেডলিনের ৯ টি বেশি অটোগ্রাফ আছে। তাদের সর্বমোট ৩১ অটোগ্রাফ আছে। প্রত্যেকের কটি করে আছে?
 a দিয়ে বোঝানো যাক নীলের কটি অটোগ্রাফ আছে। তার পর একটি সমীকরণ লিখুন যাতে বোঝায় যে মেডলিন এবং নীলের সমষ্টিগতভাবে মোট ৩১ অটোগ্রাফ আছেঃ $a + a + 9 = 31$ অথবা $2a + 9 = 31$

শব্দাবলী আমরা যে দুটি নতুন শব্দ এখানে শিখব :

আন্দাজ

আদর্শ

আপনারা বাড়িতে কী করতে পারেন ?

আপনি ও আপনার ছাত্র/ছাত্রীরা এই রকম সমীকরণের উদাহরণ আপনাদের কাজে ও যেসব জায়গায় যান সেখানে খুঁজে পাচ্ছেন কিনা। আপনারা সেই সমীকরণগুলি সমাধান করতে পারছেন কী ?